



জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

প্রেস রিলিজ

তারিখঃ ১৮/০১/২০১৭

বরিশাল বিশ্ববিদ্যালয়ে আন্তঃবিভাগ ভলিবল, ব্যাডমিন্টন, টেবিল টেনিস ও ক্যারম প্রতিযোগিতা ২০১৭ উদ্বোধন

বরিশাল বিশ্ববিদ্যালয়ে উদ্বোধন হয়ে গেল আন্তঃবিভাগ ভলিবল, ব্যাডমিন্টন, টেবিল টেনিস ও ক্যারম প্রতিযোগিতা ২০১৭। অদ্য ১৮ জানুয়ারি ২০১৭ তারিখ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে বেলুন উড়িয়ে প্রতিযোগিতার শুভ উদ্বোধন করেন মাননীয় উপাচার্য বিশিষ্ট মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞানী প্রফেসর ড. এস এম ইমামুল হক ও ট্রেজারার অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান। এ সময় উপস্থিত ছিলেন শারীরিক শিক্ষা অফিসের পরিচালক, বাংলা বিভাগের চেয়ারম্যান, উদ্ভিদবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান, বিভাগীয় শিক্ষকবৃন্দ, অন্যান্য বিভাগের বিভাগীয় প্রধান, শিক্ষকমণ্ডলী, রেজিস্ট্রার, দপ্তর প্রধানগণ, শিক্ষার্থীবৃন্দ এবং ক্রীড়া সংশ্লিষ্টরা। উদ্বোধনী খেলায় বাংলা ও উদ্ভিদবিজ্ঞান বিভাগের শিক্ষার্থীদের মধ্যে ভলিবল প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। এতে বাংলা বিভাগ বিজয়ী হয়।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সল মাহমুদ রুমি
উপ-পরিচালক (চলতি দায়িত্ব)
জনসংযোগ অফিস
বরিশাল বিশ্ববিদ্যালয়

(b.university.pro@gmail.com)